

১২ নং

তাল-একতালা

রাগিনী-মঙ্গলবিভাগ

জীবের ঘুচল শঙ্কা, বাজল ডঙ্কা, জয় হরিচাঁদ বলে,
নামে উড়ল নিশান, ভাষল পাষণ,
কত পাষণ মন গেল গ'লে ॥

- ১। ত্রিতাপদঞ্চ জীবগণে, জুড়াবার ঠাই এতদিনে,
পেল ভূমণ্ডলে,
বসল প্রেমের বাজার সংসার মাঝার,
গোলকের সুখ ভুতলে ॥
- ২। বসল আবার সত্যের মহল, কলিরাজা পায় না দখল,
লুকাল আড়ালে ।
হ'ল প্রেমে পাগল মতুয়া সকল,
শমন ভয় গেল ভুলে ॥
- ৩। ফুল ফুটেছে মরা গাছে, নামের গুণে খঞ্জে নাচে,
দু'টি বাহু তুলে ।
বোবায় বলে বল হরিবোল, অন্ধে চায় নয়ন মেলে ॥
- ৪। নিন্দুক পাষণ্ড যারা, জুলে পুড়ে মরে তারা,
বিষম হিংসানলে ।
অভাগা রসিকের হলো না রুচি, মিশে রইল সেই দলে ॥
—রসিক বালা

